দৈনিক ইনকিলাব

তারিখ ...................
পৃষ্ঠা ১৬ কলাম ৬......

SEP. 21 2002

# ঢা'বিতে পার্বত্য উপজাতীয় ছাত্রদের কোটা বৃদ্ধির দাবীতে ভিসির নিকট স্মারকলিপি

**স্টাফ রিপোর্টার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে পার্বত্য চট্টগ্রামের উপজাতীয় ছাত্রছাত্রীদের জন্য কোটা বৃদ্ধির দাবীতে গত (বৃহস্পতিবার) ভাইস চ্যান্সেলরের কাছে একটি স্মারকলিপি প্রদান করা হয়। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের গঠিত একটি প্রতিনিধি দল ভারপ্রাপ্ত ভিসি অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দারের সাথে সাক্ষাৎ করে এ স্মারকলিপি প্রদান করে। প্রতিনিধি দলের সদস্যরা হচ্ছেন সুধাসিন্ধু খীসা, কে এস মং মারমা, লয়েল ডেভিড মম এবং শক্তিপদ ত্রিপুরা।

স্মারকলিপিতে অন্তর্ভুক্ত দাবীগুলোর মধ্যে রয়েছে ২৫টি আসনের স্থলে প্রতিটি বিভাগে ২টি করে আসন সংরক্ষণ করা, উপজাতীয় কোটার মধ্যে অধিকতর পশ্চাদপদ জাতিসত্তাসমূহের অগ্রাধিকার প্রদান করা এবং ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম নম্বরের অধিকারী হলে বিশেষ বিবেচনায় ভর্তির সুযোগ প্রদান করা, সাধারণ প্রতিযোগিতামূলক পরীক্ষায় যারা উত্তীর্ণ হবে তাদেরকে কোটায় অন্তর্ভুক্ত না করে সাধারণ মেধা তালিকায় ভর্তি করা। ভিসি প্রতিনিধি দলকে সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।